



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমবায় অধিদপ্তর  
এফ- ১০, আগারগাঁও সিভিক সেন্টার, ঢাকা-১২০৭।  
www.coop.gov.bd

স্মারক নং- ৪৭.০৬১.০০০০.০৪৬.২৩.০০৬.২৩.৬৫

তারিখ: ১৩/০৬/২০২৩।

বিষয়ঃ জাতীয় সমবায় পুরস্কার ২০২২ এর জন্য শ্রেষ্ঠ সমবায় সমিতি/শ্রেষ্ঠ সমবায়ী মনোনয়ন সংক্রান্ত।


সূত্র: পটসবি এর স্মারক নং: ৪৭.০০.০০০০.০৩২.২৩.০১২.২০.২৫৯ (৩); তারিখ: ০৭/০৬/২০২৩।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, জাতীয় সমবায় পুরস্কার, ২০২২ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এলক্ষ্যে জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা ২০১১ এর ৩ নং অনুচ্ছেদে বর্ণিত সমিতির শ্রেণিবিন্যাস অনুযায়ী ১০টি শ্রেণির প্রত্যেকটিতে ১টি শ্রেষ্ঠ সমবায় সমিতি অথবা ১জন শ্রেষ্ঠ সমবায়ী নির্বাচন সংক্রান্ত বাছাই প্রক্রিয়া সম্পন্ন করে পৃথক পৃথক তালিকা পর্যায়ক্রমে উপজেলা, জেলা ও বিভাগীয় কমিটির মাধ্যমে সমবায় অধিদপ্তরে প্রেরণ করতে হবে। উল্লেখ্য একই শ্রেণিতে সমবায় সমিতি এবং সমবায়ীর নাম সুপারিশ করা যাবে না। শ্রেষ্ঠ সমবায় সমিতি বা শ্রেষ্ঠ সমবায়ী মনোনয়নের জন্য একই নীতিমালার ৬নং অনুচ্ছেদে প্রদত্ত বাছাই পদ্ধতিসহ নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করতে হবে।

১. উপজেলা কমিটি বাছাই কাজ সম্পন্ন করে আগামী ১২/০৭/২০২৩ তারিখের মধ্যে ২০২২ সনের জন্য মনোনীত শ্রেষ্ঠ সমবায় সমিতি/শ্রেষ্ঠ সমবায়ীর তালিকা জেলা কমিটির নিকট প্রেরণ নিশ্চিত করবে;
২. জেলা কমিটি বাছাই কাজ সম্পন্ন করে আগামী ৩০/০৭/২০২৩ তারিখের মধ্যে উল্লিখিত বছরের মনোনীত শ্রেষ্ঠ সমবায় সমিতি/শ্রেষ্ঠ সমবায়ীর তালিকা বিভাগীয় কমিটির নিকট প্রেরণ নিশ্চিত করবে;
৩. বিভাগীয় কমিটি বাছাই কাজ সম্পন্ন করে আগামী ১০/০৮/২০২৩ তারিখের মধ্যে সমবায় অধিদপ্তরের মাধ্যমে জাতীয় কমিটির বরাবরে মনোনীত শ্রেষ্ঠ সমবায় সমিতি/শ্রেষ্ঠ সমবায়ীর তালিকা (০৫) পৃষ্ঠা প্রস্তুত প্রেরণ নিশ্চিত করবে;
৪. বিভাগীয় কমিটি কর্তৃক মনোনীত শ্রেষ্ঠ সমবায় সমিতি/শ্রেষ্ঠ সমবায়ীর তালিকার Soft কপি পেনড্রাইভের মাধ্যমে প্রেরণ নিশ্চিত করবে;
৫. তালিকা প্রণয়নে এতদসঙ্গে সংযুক্ত ছকটি MS Word এ ইউনিকোড nikosh ফন্ট ব্যবহার করে লিগ্যাল সাইজ কাগজে Landscape ওরিয়েন্টেশনে টাইপ করতে হবে। কোনভাবেই nikosh ফন্টের সাথে অন্য কোন ফন্টের মিশ্রণ করা যাবে না।
৬. পুরস্কারের জন্য বিবেচিত সমবায় সমিতি বা সমবায়ীর জন্য ছকে সন্নিবেশিত তথ্য উপযুক্ত রেকর্ড তথা অডিট নোট দ্বারা সমর্থিত হতে হবে।
৭. জাতীয় কমিটির সভায় উপস্থাপনের নিমিত্ত বিভাগীয় পর্যায় থেকে প্রতিটি ক্যাটাগরিতে চূড়ান্তভাবে মনোনীত সমবায় সমিতি/সমবায়ীদের কার্যক্রমের ৪-৫মিনিটের ভিডিও ডকুমেন্টারি আকারে প্রস্তুত করতে হবে।

উল্লেখ্য, এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার, জেলা প্রশাসক, বিভাগীয় কমিশনার এবং পার্বত্য জেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়গণকে আলাদাভাবে আধা-সরকারি পত্র প্রেরণ করা হবে।

সংযুক্তিঃ বর্ণনামতে ০২ প্রস্তুত ছক।

  
(শাকিলা হক)  
উপ নিবন্ধক (পিপি)

যুগ্ম-নিবন্ধক  
বিভাগীয় সমবায় কার্যালয়  
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ বিভাগ।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণঃ

- ১। সচিব,পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, রাজশাহী/খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলা।
- ৩। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
- ৪। জেলা প্রশাসক (সকল) . . . . .।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল), . . . . .।